



6

### হাজী দানেশ কৃষি কলেজ উদ্বোধন

প্রেসিডেন্ট এরশাদ বন্যা পূর্ব ও পরবর্তী সময়ে 'চাষোপযোগী নতুন জাতের শস্য উদ্ভাবন করার জন্য কৃষি বিজ্ঞানী ও ছাত্রদের প্রতি পুনরায় আহ্বান জানাইয়াছেন।

বাসস জানায়, প্রেসিডেন্ট গতকাল (শুক্রবার) দিনাজপুর শহর হইতে ১০ কিলোমিটার উত্তরে বাশেরহাটে হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ উদ্বোধন করেন। অনুষ্ঠানে ভাষণদানকালে তিনি বলেন, ভবিষ্যতে সম্ভাব্য বন্যা মোকাবিলায় আমাদের নতুন উপায় খুঁজিতে এবং নয়া কৃষি প্রযুক্তি উদ্ভাবন করিতে হইবে।

এ প্রসঙ্গে তিনি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত নতুন জাতের ধানের কথা উল্লেখ করেন। এগুলি ১৫ই অক্টোবরের পরেও রোপণ করা যায়, যখন বন্যা হওয়ার সময় উদ্ভূর্ণ হইয়া পড়ে।

প্রেসিডেন্ট বলেন, হাজী মোহাম্মদ দানেশ গরীব ও ভূমিহীন কৃষকদের ভাগ্য উন্নয়নের জন্য সারা জীবন সংগ্রাম করিয়া গিয়াছেন। তাঁহার নামে কলেজের নামকরণের মাধ্যমে সরকার ও সমাজ তাঁহাকে সম্মানিত ও তাঁহার অবদানের স্বীকৃতি প্রদান করিয়াছেন।

ঢাকা-দিনাজপুর মহাসড়কের পাশে বাশের হাটে ৫০ একর জমির উপর দেশের তৃতীয় কৃষি কলেজ হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ নির্মাণ করিতে মাত্র দেড় বছর সময় লাগবে।

প্রেসিডেন্ট এরশাদ গত বছর দিনাজপুরে এক জনসভায় উদ্ভা-  
ধনের জনগণের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে দিনাজপুরে একটি কৃষি কলেজ স্থাপনের কথা ঘোষণা করিয়াছিলেন।

কৃষি মন্ত্রী মাহমুদুল হাসান, সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী রেজোয়ানুল হক চৌধুরী, কৃষি সচিব এন এ গাফিও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহা-পরিচালক মোহাম্মদ হোসেন মওলও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

কলেজটি জয়দেবপুরস্থ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রশাসনিক নিয়ন্ত্রণে থাকিবে এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় পাঠ্যসূচী অনু-মোদন করিবে। কলেজে ৪ বছর মেয়াদী কৃষি বিজ্ঞানে স্নাতক

(বিএসসি-এগ) কোর্স চালু করা হইয়াছে এবং ১৯৮৭-৮৮ শিক্ষা বর্ষে ৬০ জন ছাত্রকে ভর্তি করা হইয়াছে।

ভাষণ দানের পর প্রেসিডেন্ট কলেজের ফলক উন্মোচন এবং ইহার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

তথ্যমন্ত্রী মাহবুবুর রহমান, স্থানীয় এরিয়া কম্যাণ্ডার ও জি ও সি মেজর জেনারেল আজিজুর রহ-মান এবং বনগেরীয় রাষ্ট্রদূত ডিসি-টার স্ট্যাননোভে উপস্থিত ছিলেন।